

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৮৭

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَعُودُ مَرِيضًا إِلَّا بَعْدَ ثَلَاثٍ. رَوَاهُ ابْنُ مَاجَةَ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

বাংলা

১৫৮৭-[৬৫] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন রোগীকে (রোগগ্রস্ত হবার পর) তিনিদিন না হওয়া পর্যন্ত দেখতে যেতেন না। (ইবনু মাজাহ, আর বাযহাকী'র শু'আবুল ঈমান)[1]

ফুটনোট

[1] মাওয়ু': ইবনু মাজাহ ১৪৩৭, শু'আবুল ঈমান ৮৭৮১, সিলসিলাহ আয় য'ঈফাহ ১৪৫, য'ঈফ আল জামি' ৪৪৯৯। শায়খ আলবানী (রহঃ) বলেন, এর সানাদে ইবনু জুরায়জ একজন মুদালিস রাবী এবং মাসলামাহ বিন 'আলী মিথ্যার অপবাদপ্রাপ্ত।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শাওকানী এ হাদীস প্রমাণ করে রোগী দেখতে যাওয়া শারী'আত সম্মত রোগ হওয়ার তিনিদিন পর। সুতরাং রোগীকে দেখতে যাওয়ার ব্যাপারে 'আম হাদীসগুলোকে সীমাবদ্ধ করেছে এ হাদীস কিন্তু উপরোক্তিথিত হাদীস সহীহ বা হাসান না। সুতরাং দলীল হিসেবে সাব্যস্ত হবে না। আমি ভাষ্যকার বলি, জমহুরদের মতে রোগীকে দেখতে যাওয়া কোন সময়ের সাথে সীমাবদ্ধ না রোগ শুরু হওয়ার পর হতে বরং সুন্নাহ হল রোগ শুরুর প্রথম দিকে দেখতে যাওয়া, কেননা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বক্তব্য 'আমভাবে যে (عُودُوا الْمَرِيض) তোমরা রোগীকে দেখতে যাও।

আর গায়যালী ইয়াত্তেইয়াউল উলুমে দৃঢ়তার সাথে বলেছেন আনাস (রাঃ)-এর হাদীসটি খুবই দুর্বল তথা অগ্রহণযোগ্য।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56147>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন